

ঢা.বি'তে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত
**শেষ পর্যন্ত শিবিরের
সমাবেশ হয়নি**

বিদ্যালয়ের সংবাদদাতা : তরুণ কড়া
নিরাপত্তার মধ্যে ঢাকা বিদ্যালয়ের বাণিজ্য
অনুষ্ঠানে প্রথমবারে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত
হয়েছে।

ক্যাম্পাসে ছাত্রশিবির প্রকাশ্য মিছিল
করলে 'সভাব্য', সংঘর্ষ হতে পারে এমন
আশঙ্কায় কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা
হয়। তবে শেষ পর্যন্ত ছাত্রশিবির কোন মিছিল
সমাবেশ করেনি। এদিকে ছাত্রলীগ, ছাত্র
ইউনিয়ন, জাঙ্গল ছাত্রলীগসহ প্রগতিশীল ছাত্র
সংগঠনগুলো পৃথক পৃথক মিছিল সমাবেশ
থেকে ক্যাম্পাসে যেকোন মূল্যে শিবিরকে
প্রতিহত করার ঘোষণা দিয়েছে।

গতকাল ক্যাম্পাসের যথু ক্যান্টিন, ডাকসু
ক্যাফেটারিয়া, কলাভবন চত্বর এলাকাসহ
বিভিন্ন পর্যায়ে প্রচুর পুলিশ মোতায়েন ছিল।
বিকেন্দ্রে সেনাবাহিনীকেও ক্যাম্পাস এলাকায়
টহল দিতে দেখা যায়।